

ভোট দাও

তোমরা আমাকে ভোট দাও—
বিনিময়ে আমি তোমাদের
কেলেঙ্কারী উপহার দেব—
রোজ একটা করে না পারি
বছরে একটা করে অন্ততঃ দেবই।
আর সঙ্গে দেব
ফি -তে চুন আর কালি
মুখে মাখার জন্য।
দরিদ্র্য দেব — অপুষ্টি দেব
অশিক্ষা - দাঙ্গা-লক -আউট দেব
প্রতিবাদ করলে, ঘরে আগুন দেব—
একটা মশান দেব — গোরস্থান দেব—
আর দেব
শূয়োরের চামড়ায় ঢাকা
সভ্যতার কৃত্রিম অঙ্গাভরণ—।

স্বিজিৎ চন্দ্রবতী

